



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের ষষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব) ও চিফ ইনোভেশন অফিসার, হাইড্রোকার্বন ইউনিট।
সভার তারিখ	২৯-০৬-২০২০ ইং
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম।


০২। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভার সূচনা বক্তব্যে তিনি হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনার পঞ্চম সভার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় কমিটির সদস্য-সচিব, জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) উদ্ভাবনী কর্মপরিকল্পনার পঞ্চম সভার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে যেসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে সভায় উপস্থাপন করেন এবং বলেন যে, উদ্ভাবনী কর্মপরিকল্পনার পঞ্চম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক। তারপর সভাপতি ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, বার্ষিক উদ্ভাবন আইডিয়া, উদ্ভাবকগণের প্রশংসাসূচক সনদপত্র প্রদান, ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদকরণ, সেবা সহজিকরণের তথ্য আপলোড/হালনাগাদকরণ এবং বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্য আপলোড/হালনাগাদকরণ করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২.২ সিদ্ধান্তঃ

- ক) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন আইডিয়া বের করার ব্যবস্থা গ্রহণ করা যায়।
খ) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব) ও চিফ
ইনোভেশন অফিসার, হাইড্রোকার্বন
ইউনিট।


স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.৯৫

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭

২৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।



মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.৯১

তারিখ ১০ আষাঢ় ১৪২৭
২৪ জুন ২০২০

নোটিশ

হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২৯ জুন ২০২০ ইং তারিখ রোজ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় অত্র অফিসের মিনি কনফারেন্স রুমে (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) একটি সভা অনুষ্ঠিত হবে।

সম্মানিত সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

২৪-৬-২০২০

মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)
ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) নোটিশ বোর্ড, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা